

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.০০০০.০০০.০০৫.৪৪.০০২৭.২৬-১৫৯৮ তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩ / ২৫আগস্ট ২০২৬

বিষয়ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয় কর্তৃক "নতুন কুঁড়ি স্পোর্টস" ২০২৬-২০২৭ (সিজন-২) প্রতিযোগিতায় ১০-১৪ বছর বয়সী শিশু-কিশোরদের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণ।

সূত্রঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.৩৬৮, তারিখ- ১৮ আগস্ট ২০২৬

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের ক্রীড়া উন্নয়নে সরকারের নির্বাচনী প্রতিশ্রুতির অংশ হিসেবে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় "নতুন কুঁড়ি স্পোর্টস", ২০২৫-২০২৬ (সিজন-১) প্রতিযোগিতা সফলভাবে আয়োজন করে। এ ধারাবাহিকতায় যুব ও ক্রীড়া মন্ত্রণালয় "নতুন কুড়ি স্পোর্টস" ২০২৬-২০২৭ (সিজন-২) আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

০২। "নতুন কুঁড়ি স্পোর্টস" ২০২৬-২৭ (সিজন-২) এর আওতায় ১০টি ইভেন্টের প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে আগামী অক্টোবর, ২০২৬ এ শুরু হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য রেজিস্ট্রেশন এর কার্যক্রম ০১ জুলাই ২০২৬ হতে শুরু হয়েছে যা আগামী ১০ সেপ্টেম্বর ২০২৬ পর্যন্ত চলমান থাকবে। উল্লেখ্য, গত ০১-০৭-২০২৬ তারিখে অনুষ্ঠিত জাতীয় কমিটির সভার সিদ্ধান্ত মোতাবেক "নতুন কুঁড়ি স্পোর্টস" ২০২৬-২০২৭ (সিজন-২) প্রতিযোগিতায় শিশু-কিশোরদের স্বত:স্ফূর্ত ও ব্যাপক অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে এ প্রতিযোগিতায় অংশগ্রহণের বয়সসীমা ১২-১৪ বছর বয়সের পরিবর্তে ১০-১৪ বছর বয়স নির্ধারণ করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, "নতুন কুঁড়ি স্পোর্টস"২০২৬-২৭ (সিজন-২) এর আওতায় ১০টি ইভেন্টের প্রতিযোগিতায় ১০-১৪ বয়সী শিশু-কিশোরদের স্বত:স্ফূর্তভাবে অনলাইন রেজিস্ট্রেশনের মাধ্যমে ব্যাপক অংশগ্রহণ নিশ্চিতকরণের নিমিত্ত সকল উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণকে সর্বাত্মক সহযোগিতাসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

২৫.০৮.২০২৬

(মোঃ মোতাহার হোসেন)
মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
ফোনঃ ০২-২২৩৩৮৯৩৮৯

১। উপপরিচালক ---------------------(সকল) জেলা।
২। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা-------------সকল উপজেলা---------------------সকল জেলা।

অনুলিপিঃ
০১। অতিরিক্ত সচিব (প্রশাসন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। প্রোগ্রামার, মহাপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৫। অফিস কপি।